

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪২৭৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৩. পুনরুত্থানের আলোচনা

بَابِ ذِكْرِ الْبَعْثِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ عَلِيّ بْنِ عَلِيّ بْنِ رِفَاعَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ على الله عليه وسلم - " يُعْرَضُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ ثَلاَثَ عَرَضَاتٍ فَأَمَّا عَرْضَتَانِ فَجِدَالٌ وَمَعَاذِيرُ وَأَمَّا الثَّالِثَةُ فَعِنْدَ ذَلِكَ تَطِيرُ الصُّحُفُ فِي الْأَيْدِي فَآخِذٌ بِيَمِينِهِ وَآخِذُ بِشِمَالِهِ " .

বাংলা

৫/৪২৭৭। আবৃ মূসা আল-আশআরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন মানুষকে তিনবার পেশ করা হবে। প্রথম দু'বার বাক-বিতন্তা ও ওজর-আপত্তি পেশের জন্য। তৃতীয়বারে প্রত্যেকের আমলনামা উড়ে এসে হাতের নাগালে পৌঁছবে এবং কেউ তা ডান হাতে, কেউ তা বাম হাতে গ্রহণ করবে।

English

It was narrated from Abu Musa Al-Ash'ari that the Messenger of Allah (ﷺ) said:

"The people will be presented (before Allah) three times on the Day of Resurrection. The first two times will be for disputes and excuses, and the third time will be when the scrolls (of deeds) fly into their hands; some will take it in the right hand and some in the left."

ফুটনোট

আহমাদ ১৯২১৬, তাখরীজুল তাহাবিয়াহ ৫৫৬, মিশকাত ৫৫৫৭, ৫৫৫৮। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আলী বিন আলী বিন রিফাআহ সম্পর্কে আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়।



আবু হাতিম আর-রাযী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই তবে তিনি কাদারিয়া মতাবলম্বী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪১১০, ২১/৭২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন